

**পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিম্নোক্ত ০২টি ইউনিয়ন পরিষদের সর্বসাধারণের জন্য অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রামপুলিশ (মহল্লাদার) পদে নিয়োগের লক্ষ্যে ইতিপূর্বে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে পর্যাপ্ত সংখ্যক উপযুক্ত প্রার্থী না পাওয়া যাওয়ায় নিম্নে বর্ণিত ০২টি ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এবং ২০১৫ ও ২০১৭ সনের সংশোধিত আইন মোতাবেক সংশ্লিষ্ট ওয়ার্ডের শূন্য পদে ০১ জন করে গ্রাম পুলিশ নিয়োগ করা হবে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নং	বেতন ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা
০১	হুমাইপুর ইউনিয়ন পরিষদ	০২	০২, ০৫	৬,৫০০/- সরকারি অংশ ৫০%, ইউপি অংশ ৫০%, বেতনের সমপরিমাণ ০২টি উৎসব ভাতাসহ প্রচলিত অন্যান্য সুবিধাদি।	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ : উচ্চতা- ৫ ফুট ২ ইঞ্চি, বুক- ৩০ ইঞ্চি, ওজন- ৫০ কেজি। মহিলা : উচ্চতা ৫ ফুট, বুক- ২৮ ইঞ্চি, ওজন- ৪৫ কেজি।
০২	গাজিরচর ইউনিয়ন পরিষদ	০১	০৯			

শর্তাবলী:

- ১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২। প্রার্থীর বয়স বিজ্ঞপ্তির তারিখে ১৮-৩০ বৎসর হতে হবে। বীল মুক্তিযোদ্ধাদের সন্তান/পৌত্র/দৌহিত্র এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- ৩। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স শিক্ষাগত যোগ্যতা, শারীরিক যোগ্যতার পরিমাপ, ধর্ম, জাতীয়তা, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, ইমেইল, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ৪। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযোজন করতে হবে:-
  - (ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
  - (খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
  - (গ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
  - (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
  - (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
  - (চ) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
  - (ছ) মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/আনসার ও ভিডিপি কোটায় যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি/প্রমাণপত্র।
  - (জ) আবেদনকারী উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ বরাবরে আগামী ২৯.০৬.২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালিন সরাসরি/ডাকযোগে দরখাস্ত পৌছাতে হবে। কোন অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রদত্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৫। প্রার্থীকে নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৬। বর্ণিত যোগ্যতার উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রামপুলিশের পুত্র/কন্যা/পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৭। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৮। নিয়োগের কার্যক্রম বা স্থগিত সংক্রান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোহাম্মদ মোরশেদা খাতুন  
উপজেলা নির্বাহী অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ


ও

সভাপতি

মহল্লাদার পদে নিয়োগ সংক্রান্ত উপজেলা কমিটি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৪। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৫। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা।
- ০৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, লুমাইপুর/গাজিরচর ইউনিয়ন পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকিংসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৯। সদস্য/সংরক্ষিত সদস্য, ওয়ার্ড নং- ....., ..... ইউনিয়ন ভূমি অফিস, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি।

  
১২.০৬.২২  
উপজেলা নির্বাহী অফিসার  
বাজিতপুর, কিশোরগঞ্জ